দৈনিক জনকণ্ঠ

তারিখ 24 SEP 1996

পৃষ্ঠা ১১ কলাম ৫

16

# পাবনায় ৬৭০ ছাত্রীর উপবৃত্তি বাতিল

**পাবনা, ২৩ সেপ্টেম্বর (নিজস্ব সংবাদদাতা)** ।- প্রকল্পের শর্তপূরণে ব্যর্থ হওয়ায় জেলার চাটমোহর বালিকা উচ্চ বিদ্যালয়ের ৪শ' ৪০ জন ছাত্রীসহ থানার ৩৯টি শিক্ষা প্রতিষ্ঠানের ৬শ' ৭০ জন ছাত্রীর উপবৃত্তি বাতিল হয়ে গেছে। এতে অধিকাংশ দরিদ্র পরিবারের মেয়েদের লেখাপড়ায় অনিশ্চয়তা দেখা দিয়েছে। ইতোমধ্যে অনেক ছাত্রী স্কুলে আসছে না বলে খবর পাওয়া গেছে।

দেশে নারী শিক্ষা প্রসারের লক্ষ্যে জানুয়ারি '৯৪ থেকে ফিমেল সেকেন্ডারি স্কুল এ্যাসিসট্যান্স প্রজেক্টের আওতায় ষষ্ঠ থেকে ৯ম শ্রেণী পর্যন্ত উপবৃত্তি প্রদানের কর্মসূচী গ্রহণ করা হয়। চাটমোহর থানার ১ হাজার ৬শ' ২৩ জন ষষ্ঠ ও ৫০৫ জন নবম শ্রেণীসহ মোট ২ হাজার ১শ' ২৮ জন উপবৃত্তি গ্রহণ করে। একই সাথে থানার ১৯টি মাদ্রাসার ২৬০ জন ছাত্রীও অন্তর্ভুক্ত হয়। ফলে ১৯৯৫ সালে ১৯টি মাদ্রাসায় প্রাপ্ত ছাত্রীর সংখ্যা দাঁড়ায় ৩শ' ৮৬ জন। শিক্ষা অফিস সূত্র জানায়, এই উপবৃত্তি প্রকল্পের শর্তানুযায়ী ছাত্রীদের শতকরা ৪৫ ভাগ নম্বর পেতে হবে। ৭৫ ভাগ হাজিরা দিতে হবে এবং অবশ্যই ছাত্রীকে অবিবাহিত হতে হবে। এ সকল শর্তপূরণে ব্যর্থ হওয়ায় '৯৫ সালে থানার ৩৯টি শিক্ষা প্রতিষ্ঠানের মোট ৬শ' ৭০ জন ছাত্রীর উপবৃত্তি অযোগ্য ঘোষণা করা হয়। চলতি বছর এ সংখ্যা দাঁড়িয়েছে ১ হাজার ১শ' ১০ জনে।

এ ব্যাপারে কয়েকজন অভিভাবক জানান, স্কুলে শিক্ষার মান নষ্ট হয়ে গেছে। এছাড়া উপবৃত্তি প্রাপ্তির শর্তাবলী সম্পর্কে অভিভাবকদের যথাযথ অবহিত করা হয়নি।